

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৯৭

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩০. যে ব্যক্তি একশ থেকে এক হাজার আয়াত পরিমাণ পাঠ করে

باب مَنْ قَرَأً مِنْ مِائَةِ آيَةٍ إِلَى الْأَلْف

আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ سَعِيدِ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدِ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ مَنْ قَرَأً فِي لَيْلَةٍ عَشْرَ آيَاتٍ كُتِبَ مِنْ الذَّاكِرِينَ وَمَنْ قَرَأً بِمِائَةِ آيَةٍ لَيَةٍ كُتِبَ مِنْ الْذَّاكِرِينَ وَمَنْ قَرَأً بِخَمْسِ مِائَةِ آيَةٍ إِلَى الْأَلْفِ أَصْبَحَ وَلَهُ قِنْطَارٌ مِنْ الْأَجْرِ قِيلَ وَمَا الْقِنْطَارُ قَالَ مِلْءُ مَسْكِ التَّوْرِ ذَهَبًا

বাংলা

৩৪৯৭. আবী নাযরাহ হতে বর্ণিত, আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, যে ব্যক্তি রাতে (সালাতে) দশটি আয়াত পাঠ করবে, তাকে 'যাকিরীন'দের (অধিক যিকিরকারীদের) মধ্যে লিখা হবে। আর যে ব্যক্তি রাতে (সালাতে) একশ'টি আয়াত পাঠ করবে, তাকে অনুগতদের (ইবাদতকারীদের) মধ্যে লিখা হবে। আর যে ব্যক্তি রাতে (সালাতে) পাঁচশ'টি আয়াত পাঠ করবে, সে সকালে উঠবে অশেষ বিনিময়সহ। তাকে বলা হলো, 'কিনতার' (অঢেল, অশেষ) কী জিনিস? তিনি বললেন, 'যাঁড়ের চামড়া ভর্তি সোনার সমপরিমাণ।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। এটি আবু উমামাহ রাদিয়াল্লাহু আনহু এর উপর মাওকুফ। তবে এ উপমা নিজের পক্ষ থেকে আপন মত দ্বারা বলা যায় না। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: বাইহাকী, নিকাহ ৭/২৩৩ অতি সংক্ষিপ্তাকারে; তাবারাণী, আওসাত ৭৬৭৪ মারফু' হিসেবে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে), তবে এর সনদ যয়ীফ। আমরা সেটি তাখরীজ দিয়েছি মাজমাউয যাওয়োইদ নং ৩৬৫৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন